যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২
মনিরামপুর, যশোর।

ISO 9001:2015 Certified

ফোনঃ ০২৪৭৭৭৬৪৯০৬ (অফিস), E-mail:jessorepbs2@yahoo.com, Web: pbs2.jessore.gov.bd

স্মারক নং- ২৭.১২.৪১৬১.৫১১.০২.০০৮.২০২২. ৬৬৩

তারিখঃ ২৯ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ।
১৩ আগস্ট, ২০২২ খ্রিষ্টাব্দ।

# " আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি "

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ নিম্নেবর্ণিত শূন্য পদে পদোন্নতির মাধ্যমে লোকবল নিয়োগের নিমিত্তে পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ এবং পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) মোতাবেক বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন লাইনম্যান গ্রেড-১ গণের নিকট হতে নিম্নে উল্লেখিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সাদা কাগজে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**পদের নাম : লাইন টেকনিশিয়ান।**

**প্রার্থীর যোগ্যতাঃ**

| | |
|---|---|
| ১ | লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিত হিসেবে ০৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে মোট চাকুরীকাল ১০ বছরের কম হওয়া যাবে না। |
| ২ | বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩ | পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী লাইনম্যান ট্রেনিং সমাপ্ত থাকতে হবে। |
| ৪ | বৈদ্যুতিক লাইন নির্মাণ, ষ্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা, জরুরী প্রাথমিক চিকিৎসায় পর্যাপ্ত ধারণা থাকতে হবে। |
| ৫ | প্রার্থীকে অবশ্যই পোলে উঠে কাজ করার সামর্থ থাকতে হবে। |
| ৬ | অধীনস্থ লাইনক্রুগণকে সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে। |
| ৭ | প্রার্থীর লাইনম্যান গ্রেড-১ পদে সর্বশেষ ০৩(তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন রেটিং কমপক্ষে ৩.৫০ প্রাপ্ত হতে হবে। |
| ৮ | পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী সকল শর্ত পূরণ হতে হবে। |
| ৯ | গ্রাহকের সাথে সৌজন্যমূলক ও সৌহার্দপূর্ণ আচরণ করার মানসিকতা থাকতে হবে। |

**শর্তাবলীঃ**

০১। আবেদনকারীকে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) ধর্ম, (জ) বয়স, (ঝ) জাতীয়তা, (ঞ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ট) শিক্ষাগত যোগ্যতা ও (ঠ) অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক সুপারিশকৃত আবেদনপত্রসহ আগামী ২৭/০৮/২০২২ খ্রিঃ তারিখ শনিবার সকাল ১১:০০ ঘটিকায় যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, এর সদর দপ্তর, মনিরামপুর, যশোর এ স্বশরীরে উপস্থিত হয়ে পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**আবেদনপত্রে নিম্নোক্ত কাগজপত্র/দলিলাদি সংশ্লিষ্ট এজিএম(এইচআর/প্রশাসন) কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে :**

০২। সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি।

০৩। সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙ্গিন সত্যায়িত ছবি।

০৪। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

০৫। চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক বর্তমান পদে যোগদান, নিয়মিতকরণ পত্রের সত্যায়িত অনুলিপি পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি।

০৬। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী প্রার্থীর বেতন ভাতাদি সংরক্ষণ করা হবে।

০৭। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১(এক) বছরের জন্য চলতি দায়িত্ব পদে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বকালীন কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিতকরণ করা হবে।

০৮। আবেদনকারী প্রার্থীকে পদোন্নতি প্রদানের জন্য সংশ্লিষ্ট সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ, সর্বশেষ ৩ বছরে কোন গুরুদন্ড প্রাপ্ত নন, সর্বশেষ ১ বছরে কোন লঘুদন্ড প্রাপ্ত নন, বিগত ৫ বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত নন, বিগত ৪ বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত নন, বিগত ০৩(তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত নন, বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নেই অথবা চার্জশীট প্রক্রিয়াধীন নেই মর্মে সংশ্লিষ্ট সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। এছাড়াও উক্ত প্রত্যয়নপত্রে বিগত ৫ বছরে যে কোন প্রকার শাস্তি প্রদান করা হয়ে থাকলে তাও উল্লেখ করতে হবে।

চলমান পাতা-০২

০৯। অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকবৃন্দের স্বামী/স্ত্রী অথবা রক্তের সম্পর্কীয় আত্নীয়দের আবেদন করার প্রয়োজন নাই।

১০। শৃঙ্খলাজনিত কারণে শাস্তি ভোগ করেছেন (সর্বশেষ ৩ বছরে গুরুদন্ড প্রাপ্ত, সর্বশেষ ১ বছরে কোন লঘুদন্ড প্রাপ্ত, বিগত ৫ বছরের ভিতরে একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত, বিগত ৪(চার) বছরের ভিতরে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত, বিগত ০৩(তিন) বছরের ভিতরে একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত, পদোন্নতির জন্য ০৩(তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত, বর্তমানে বিভাগীয় ফৌজদারী মামলা চলমান রয়েছে অথবা চার্জশীট এর আওতায় তদন্ত প্রক্রিয়াধীন রয়েছে এমন প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

১১। পদোন্নতির জন্য জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র সমিতির ভৌগলিক এলাকার (অর্থাৎ যশোর জেলার মনিরামপুর, কেশবপুর অভয়নগর উপজেলা, খুলনা জেলার ফুলতলা উপজেলা এবং নড়াইল জেলার) স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই।

১২। যদি কেহ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হন এবং পরবর্তীতে তা প্রমানিত হয় তবে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাকে চাকুরীচ্যূত করা হবে।

১৩। যে কোন আবেদনপত্র বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৪। পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

২৬/০৮/২২

( প্রকৌঃ মনোহর কুমার বিশ্বাস )
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ** (সদয় অবগতির জন্য)

০১. নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২. পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস ব্যঃপঃ(পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো,ঢাকা।
০৩. পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪. একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবো, ঢাকা।
০৫. একান্ত সচিব (সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
০৬. জেলা প্রশাসক, যশোর/নড়াইল।
০৭. পুলিশ সুপার, যশোর/নড়াইল।
০৮. সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------পবিস-১/২/৩/৪
০৯. ডিজিএম(সদর-কারিগরী/নওয়াপাড়া/নড়াইল/কেশবপুর/কালিয়া) জোনাল অফিস,যপবিস-২
১০. এজিএম(প্রশাসন/অর্থ-হিসাব/রাজস্ব/ওএন্ডএম/এমএস/ইএন্ডসি), যপবিস-২।
১১. এজিএম(ওএন্ডএম)লক্ষীপাশা/রাজগঞ্জ সাব জোনাল অফিস, যপবিস-২।
১২. জুনিয়র ইঞ্জিনিয়া(আইটি-১/২), যশোর পবিস-২।
১৩. নোটিশ বোর্ড/ওয়েব সাইট (www. pbs2.jessore.gov.bd,যপবিস-২।

বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের উদ্দেশ্যে আপনার নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

13.08.22

( এস.এম.মুবতাসীম মাহবুব )
এজিএম (এইচ আর)

D:\Nasima\Neog Biggopti\Line Technition.doc